

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৯৮.১৬.০০২.১৮(অংশ)-৫৭

তারিখ: ১৬ আষাঢ়, ১৪২৮

৩০ জুন ২০২১

বিষয়: কেশবপুর উপজেলা পরিষদের হাট-বাজার উন্নয়ন তহবিলে রক্ষিত অর্থ ব্যয়ের তথ্যাদি।

সূত্র: উপজেলা নির্বাহী অফিসার, কেশবপুর এর স্মারক নং-৪৯৪, তারিখঃ ১৪/০৩/২০২১খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলা ১৪২৬ সনে কেশবপুর উপজেলা পরিষদের ২৪টি হাটের মধ্যে ২৩টি হাট বিক্রয়/খাস আদায় বাবত প্রাপ্ত আয়ের ইউনিয়ন পরিষদের অংশটুকু উপজেলা হাট-বাজার উন্নয়ন তহবিলে জমা আছে। হাট-বাজার ইজারালন্দ ইউনিয়ন পরিষদের অংশটুকু ব্যয়ের বিষয়ে উপজেলা পরিষদ কর্তৃক উদ্যোগ গ্রহণ করা হয়েছিল কি-না তার প্রমাণক প্রেরণ করা হয়নি। ফলে উক্ত খাতে রক্ষিত অর্থ ব্যয়ের (জুন, ২০২১ পর্যন্ত) সর্বশেষ তথ্যাদি অনুধাবন করা যাচ্ছে না। তাছাড়া বাংলা ১৪২৭ ও ১৪২৮ সনে হাট-বাজার ইজারা সংক্রান্ত তথ্যাদিও উল্লেখ নেই।

বর্ণিত অবস্থায়, কেশবপুর উপজেলা পরিষদের বাংলা ১৪২৬ সনের হাট-বাজার ইজারালন্দ আয়ের ইউনিয়ন পরিষদের অংশটুকু ব্যয়ের বিষয়ে উপজেলা পরিষদ কর্তৃক উদ্যোগ গ্রহণ করা হয়েছিল কি না? হয়ে থাকলে তার প্রমাণক এবং উক্ত অর্থ ছাড়ের সর্বশেষ তথ্যসহ বাংলা ১৪২৭ ও ১৪২৮ সনের হাট-বাজার ইজারা সংক্রান্ত স্বয়ংসম্পূর্ণ তথ্যাদি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



৩০-৬-২০২১

মোঃ শাহজালাল

সহকারী সচিব

ফোন: ৯৫৪৬২২৭

উপপরিচালক

স্থানীয় সরকার, যশোর।

ইমেইল: monitoring2lgd@gmail.com

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৯৮.১৬.০০২.১৮(অংশ)-৫৭/১(৪)

তারিখ: ১৬ আষাঢ়, ১৪২৮

৩০ জুন ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জেলা প্রশাসক, যশোর।
- ২) সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৩) প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে আপলোড করার জন্য)।
- ৪) মহাপরিচালক (মইই উইং), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা। স্থানীয় সরকার বিভাগ।



৩০-৬-২০২১

মোঃ শাহজালাল

সহকারী সচিব